

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
চারঘাট, রাজশাহী।  
<http://charchat.rajshahi.gov.bd>

০৩ কার্তিক ১৪৩০

স্মারক নং- ০৫.৪৩.৮১২৫.০০০.১১.০০৮.২৩. ১২৪২ (১০০)

তারিখ : -----

১৯ অক্টোবর ২০২৩

বিষয় : মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নম্বর ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.২২.৮২ তারিখ : ১৯ অক্টোবর ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ প্রজ্ঞাপনটি এরসাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো। উক্ত প্রজ্ঞাপনে গাজাসহ ফিলিস্তিনের অন্যান্য স্থানে ইসরায়েলি দখলদার বাহিনীর সাম্প্রতিক বর্বরোচিত হামরায় ফিলিস্তিনি নাগরিকদের মৃত্যুতে রাষ্ট্রীয় শোক পালন করা হবে মর্মে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ উপলক্ষে :-

(ক) আগামী ২০ অক্টোবর ২০২৩ তারিখ শুক্রবার বাদ-জুমা নিহতদের আত্মার শান্তি ও আহতদের সুস্থতার জন্য বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে।

(খ) অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

(গ) আগামী ২১ অক্টোবর ২০২৩ তারিখ শনিবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোক সকল প্রকার কার্যক্রম গ্রহণের জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

.....  
.....  
.....  
চারঘাট, রাজশাহী।

  
(মোঃ সোহরাব হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

চারঘাট, রাজশাহী।

টেলিফোন নম্বর ০২৫৮৮৮-৭৯০৫১

E-mail: unocharchat@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
- ০৩। মেয়র, চারঘাট পৌরসভা, চারঘাট, রাজশাহী।
- ০৪। উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চারঘাট, রাজশাহী। এ বিষয়ে সকল মসজিদের ইমামকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সভাপতি/সাধারণ সম্পাদক, হিন্দু-বৌদ্ধা-খ্রিষ্টান ঐক্য পরিষদ, চারঘাট, রাজশাহী। এ বিষয়ে সকল ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধানকে বিশেষ প্রার্থনার আয়োজন করার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। অফিস কপি।

☞  
(মোঃ মাহবুব হোসেন)  
পরিচিতি নম্বর-১৭৭৫০  
উপজেলা নির্বাহী অফিসার  
চারখাট, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ


প্রজ্ঞাপন

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০/ ১৯ অক্টোবর ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.২২.৮২ — সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, গাজাসহ ফিলিস্তিনের অন্যান্য স্থানে ইসরায়েলি দখলদার বাহিনীর সাম্প্রতিক বর্বরোচিত হামলায় ফিলিস্তিনি নাগরিকদের মৃত্যুতে রাষ্ট্রীয় শোক পালন করা হবে। এ উপলক্ষ্যে:-

- (ক) আগামী ২০ অক্টোবর ২০২৩ তারিখ শুক্রবার বাদ-জুমা নিহতদের আত্মার শান্তি ও আহতদের সুস্থতার জন্য বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে।
- (খ) অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।
- (গ) আগামী ২১ অক্টোবর ২০২৩ তারিখ শনিবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব